

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৮-২৩৪

তারিখঃ ৩১.০৬.২০১৯ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ আসমা আক্তার (১৩৫০৪৪), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বুড়িচং, কুমিল্লা গত ৩০/০৭/২০১৭ খ্রিঃ হতে ০১/০৬/২০১৮ খ্রিঃ পর্যন্ত মোট ৩০৬ (তিনশত ছয়) দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৫.১০.২০১৮ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৮-৩৮৩ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;


যেহেতু, গত ১২.০২.২০১৯ খ্রিঃ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ আসমা আক্তার (১৩৫০৪৪) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দত্ত পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ আসমা আক্তার (১৩৫০৪৪), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বুড়িচং, কুমিল্লা এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ২টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ২ বছরের জন্য স্থগিত করার লঘু দত্ত আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার গত ৩০/০৭/২০১৭ খ্রিঃ হতে ০১/০৬/২০১৮ খ্রিঃ পর্যন্ত মোট ৩০৬ (তিনশত ছয়) দিন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব

তারিখঃ ৩১-০৬-২০১৯ খ্রিঃ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৮-২৩৪/১(১৫)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিস্টে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৫। সিভিল সার্জন, কুমিল্লা।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বুড়িচং, কুমিল্লা।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বুড়িচং, কুমিল্লা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ আসমা আক্তার (১৩৫০৪৪), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বুড়িচং, কুমিল্লা।

  
(মোঃ হরোয়ার হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮